দৈনিক বাংলা ২৪

তারিখ 22 JUN 1995
পৃষ্ঠা ১৩ কলাম ৩

যশোর বোর্ড এইচএসসি

# মানবিক কারণে তিন হাজার ছাত্রছাত্রী পরীক্ষা দিতে পারবে

যশোর, ব্যুরো ঃ মানবিক কারণে বিশেষ বিবেচনায় যশোর শিক্ষা বোর্ড তিন হাজার ছাত্র-ছাত্রীকে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দিচ্ছে। এর আগে এদের পরীক্ষার আবেদন বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়েছিল।

শিক্ষা বোর্ডের দায়িত্বশীল সূত্র জানায়, নিয়ম বহির্ভূতভাবে কলেজ পরিবর্তন, ফরম পূরণ, রেজিস্ট্রেশন গ্রহণ প্রভৃতি কারণে ওই তিন হাজার ছাত্র-ছাত্রীকে চিহ্নিত করা হয়। একইভাবে এসএসসি পরীক্ষার সময়ও ১৫ হাজার ছাত্র-ছাত্রীকে চিহ্নিত করা হয়েছিল। তাদের পরীক্ষার আবেদন বাতিলও করা হয় সে সময়। কিন্তু এবার ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ বিবেচনা করে শিক্ষা বোর্ড এবং মন্ত্রণালয় ওই তিন হাজার পরীক্ষার্থীকে পরীক্ষা দেয়ার সুযোগ দিচ্ছে। আগামী ৬ জুলাই এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। এবার যশোর শিক্ষা বোর্ডের অধীন ২শ' ৪২টি কলেজ থেকে ৯৮ হাজার ২শ' জন এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছেন।